

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 30-08-2025**

**Time: 07:55-08:05 PM Hrs**

**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন।
  - (২) পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন শারদীয়া দুর্গাপুজোকে কেন্দ্র করে চাঁদার জুলুমবাজি কোনোভাবেই বরদাস্ত করা হবে না।
  - (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সাংহাই সহযোগিতা সংগঠনের ২৫তম শীর্ষসম্মেলনে অংশগ্রহণের জন্য চীনের তিয়ানজিনে পৌঁছেছেন।
  - (৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সরকার রাজ্যের খেলোয়াড়দের জন্য বিভিন্ন প্রকল্প চালু করেছে।
- \*\*\*\*\*

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই এই অনুষ্ঠান রাত ৮ টায় আঞ্চলিক ভাষায় পুনঃপ্রচারিত হবে।

\*\*\*\*\*

## **Maan ki Baat-CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আগামীকাল খোয়াই মহকুমার তুলাশিখর রাজ্যের পূর্ব তকছাইয়া গ্রামে প্রধানমন্ত্রীর "মন কি বাত" শুনবেন। এর জন্য এই গ্রামের কেরাং পাড়া নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

\*\*\*\*\*

## **Sushanta Choudhury Meeting:**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন শারদীয়া দুর্গাপুজোকে কেন্দ্র করে চাঁদার জুলুমবাজি কোনোভাবেই বরদান্ত করা হবে না। প্রশাসনের সহযোগিতা নিয়ে চাঁদার জুলুমবাজির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। আজ রাণীরবাজার গীতাঞ্জলি হলঘরে জিরানীয়া মহকুমার অধীন সমস্ত ক্লাব, দুর্গাপুজো কমিটি, বিভিন্ন বাজার কমিটি, বিভিন্ন দপ্তরের আধিকারিকদের নিয়ে আয়োজিত বৈঠকে তিনি একথা বলেন। পাশাপাশি আসন্ন শারদোৎসবকে শান্তিপূর্ণ ও নির্বিঘ্নে সম্পন্ন করার জন্য তিনি পুজো উদ্যোগাদের প্রতি আহ্বান জানান।

\*\*\*\*\*

## **Cyber crime press meet:**

রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ আজ পুলিস সদর দপ্তরে সাইবার ক্রাইম সংক্রান্ত কর্মশালায় বলেছেন, সাইবার অপরাধ মোকাবেলার জন্য সাংবাদিক-সহ সমাজের নাগরিকদের সহযোগিতার প্রয়োজন। রাজ্য সাইবার অপরাধ মোকাবেলার জন্য আধিকারিকদের প্রশিক্ষণ নেওয়ার পাশাপাশি প্রয়াস কর্মসূচীর মাধ্যমে সচেতনতা গড়ে তোলা হচ্ছে। শ্রী অনুরাগ তথ্য দিয়ে জানান, রাজ্য ২০২১ সাল থেকে এখন পর্যন্ত নাগরিকদের ৪৬ কোটি ৯৬ লক্ষ টাকা সাইবার প্রতারকরা হাতিয়ে নিয়েছে। তারমধ্যে ৫ কোটি দুই লক্ষ টাকা সাইবার

পুলিশ উদ্ধার করতে পেরেছে। যার মধ্যে ৩৪ লক্ষ টাকা নাগরিকদের ফিরিয়ে দেওয়া হয়েছে। তিনি আরও জানান, রাজ্য পুলিশ সাইবার প্রতারনার মামলায় এখনও পর্যন্ত ২০ হাজার ২৭ টি ব্যক্ত অ্যাকাউন্ট ফ্রিজ করেছে। রাজ্যের একমাত্র সাইবার ড্রাইম পুলিশ থানায় এখনও পর্যন্ত ৭০৫ টি মামলা নথিভুক্ত হয়েছে। তবে রাজ্যে সাইবার অপরাধে আর্থিক ক্ষতির পরিমান কমছে বলে পুলিশ মহানির্দেশক জানিয়েছেন। যান দুষ্টিনা সংক্রান্ত তথ্য দিতে গিয়ে তিনি জানান, রাজ্যে গত বছর জুলাই মাস পর্যন্ত যান দুষ্টিনায় ১৪৪ জনের মৃত্যু হয়েছিল। এই বছর প্রথম সাত মাসে মৃত্যু হয়েছে ১০৯ জনের। কর্মশালায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ মহানির্দেশক আবুলা রমেশ রেডিও, জি এস রাও প্রমুখ।

\*\*\*\*\*

### **Nanabodhan:**

রাজ্যের বিশিষ্ট নৃত্য শিবা প্রতিষ্ঠানের নববোধনের কুড়িতম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আজ সন্ধ্যায় আগরতলা রবীন্দ্রশতবার্ষিকী ভবনে আয়োজিত সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী, সাংসদ রাজীব ভট্টাচার্য, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক কমিটির ভাইস চেয়ারপারসন সুব্রত চৰ্দ্বৰ্তী প্রমুখ। স্বাগত ভাষণ দেন সংস্কার কর্ণধার শ্রীমতি পিয়ালী ব্যানার্জি।

অনুষ্ঠানের প্রশান্ত ব্যানার্জি স্মৃতি পুরস্কার প্রদান করা হয় এবছরের বোর্ড পরীক্ষায় একাউন্টান্টি বিষয়ে সর্বোচ্চ নাম্বার প্রাপ্ত ছাত্র চিন্ময় সাহা এবং মাধ্যমিকে উন্নীর্ণ অভয় মিশন সংস্কার বিশেষভাবে সক্ষম ছাত্রী লিপিকা দেবনাথ কে। সাংস্কৃতিক সন্ধ্যায় উপস্থিত রয়েছেন প্রখ্যাত গায়িকা শুভমিতা ব্যানার্জি।

\*\*\*\*\*

## **Meeting of Education and Health:**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে আজ জিলা পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের পক্ষ থেকে পশ্চিম জেলার অন্তর্গত ১১টি বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ করার জন্য প্রস্তাব পাঠানো হয়েছে। পশ্চিম জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক জানান, আগামী ৮ সেপ্টেম্বর জিরানীয়া মহকুমার অন্তর্গত মজলিশপুরে জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব এবং আগামী ৯ ও ১০ সেপ্টেম্বর বনকুমারী নাট মন্দিরে পুঁথি পাঁচালি উৎসব অনুষ্ঠিত হবে।

সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল পশ্চিম জেলার প্রতিটি বিদ্যালয়ে ক্লাস শুরুর আগে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ১ মিনিটের জন্য বাল্যবিবাহের বিরুদ্ধে ও নেশামুক্তির বিষয়ে শপথ নেওয়ার জন্য গুরুত্ব আরোপ করেন।

\*\*\*\*\*

## **AIDS NORTH:**

উত্তর ত্রিপুরা জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি উদ্যোগে আজ অর্ধেন্দু ভট্টাচার্য স্মৃতি ভবনে টিবি অভিযান এবং এন সি ডি স্লিনিং বিষয়ে আলোচনাসভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন উত্তর জেলার জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা নাথ, জেলাশাসক চাঁদনী চন্দ্রন।

\*\*\*\*\*

## **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডেলিউ. ডেলিউ. ডেলিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## PM REACHED CHINA:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সাংহাই সহযোগিতা সংগঠনের ২৫তম শীর্ষ সম্মেলনে অংশগ্রহণের জন্য চীনের তিয়ানজিনে পৌঁছেছেন। আগামীকাল থেকে এই শীর্ষ সম্মেলন শুরু হবে। প্রধানমন্ত্রী বিশ্বের শীর্ষ নেতৃত্বের সঙ্গে দুই দিনের আলোচনায় অংশগ্রহণ করবেন। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, শ্রী মোদী অন্যান্য নেতাদের সাথে আঞ্চলিক নিরাপত্তা, সংযোগ, সুস্থায়ী উন্নয়ন এবং আন্তর্জাতিক সহযোগিতার মতো বিষয়গুলি নিয়ে আলোচনা করবেন। শীর্ষ সম্মেলনে সংগঠনের ২৫ বছরের সাফল্য পর্যালোচনা করা হবে এবং দশ বছরের উন্নয়ন কোশলও গ্রহণ করা হবে। চীন পঞ্চমবারের মতো সাংহাই সহযোগিতা সংস্থার শীর্ষ সম্মেলন আয়োজন করছে, যেখানে রাষ্ট্রপতি শি জিনপিং সভাপতিত্ব করবেন। ২০ জনেরও বেশি রাষ্ট্রপ্রধান এবং আন্তর্জাতিক সংগঠনটির ১০ জন শীর্ষ নেতার যোগদানের সম্ভাবনা রয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছাড়াও রাশিয়ার রাষ্ট্রপতি ভ্রাদিমির পুতিন বিশ্বে অংশগ্রহণকারীদের মধ্যে রয়েছেন।

\*\*\*\*\*

## **LS SPEAKER:**

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সকল রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে তফসিলি জাতি এবং জনজাতিদের কল্যাণে রাজ্য আইনসভার কমিটি গঠনের আহ্বান জানিয়েছেন। আজ ভূবনেশ্বরে তফসিলি জাতি এবং জনজাতিদের কল্যাণে সংসদ এবং রাজ্য আইনসভার সভাপতিদের দুই দিনের জাতীয় সম্মেলনের সমাপ্তি অধিবেশনে শ্রী বিড়লা বলেন, সংসদীয় কমিটিকে রাজ্যগুলিতে এই ধরনের কমিটির জন্য সুপারিশ করতে হবে। তিনি বলেন, দুই দিনের বৈঠকে সংসদীয় কমিটি সিদ্ধান্ত নিয়েছে, কেন্দ্র এবং রাজ্যগুলির বিভিন্ন প্রকল্পের সুবিধা তৃণমূল স্তরে পৌঁছে দেওয়া এবং সমাজের এই শ্রেণীর জন্য বাজেটের বরাদ্দ যথাযথভাবে ব্যয় করা নিশ্চিত করা হবে। শ্রী বিড়লা আরও বলেন, ২০৪৭ সালের মধ্যে বাবা সাহেব বিআর আন্দেকরের স্বপ্ন অনুযায়ী এক ‘সমতার সমাজ’ গড়ে তোলার রোডম্যাপ তৈরি করা হচ্ছে। উল্লেখ্য, দুই দিনের এই সম্মেলনে রাজ্যসভার ডেপুটি চেয়ারপারসন হরিবংশ নারায়ণ সিং, কমিটির চেয়ারম্যান ডঃ ফল্লিন সিং কুলস্তে এবং তফসিলি জাতি ও জনজাতি কল্যাণ বিষয়ক সংসদীয় কমিটির সদস্যরা অংশ নিয়েছেন।

\*\*\*\*\*

## **BJP Press Meet:**

প্রদেশ বিজেপি মুখ্যপাত্র নবেন্দু ভট্টাচার্য আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেছেন বিহারের নির্বাচনকে সামনে রেখে দেশব্যাপী অপ্রচারে নেমেছে কংগ্রেস। তার দাবী, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ কেন্দ্রীয় নেতৃত্বদের নিয়ে গোটা দেশে ভুল মন্তব্য করছেন বিরোধী দলনেতা রাহুল গান্ধী সহ দলের অন্যান্য নেতৃবৃন্দ। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি মিডিয়া ইনচার্জ সুনীত সরকার।

\*\*\*\*\*

## **Congress Mahakaran Abhijan:**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলায় মহাকরন অভিযান সংগঠিত করা হয়। আগরতলা শহর থেকে একটি মিছিল মহাকরণের উদ্দেশ্যে রওনা হয়। পুলিশ রাধানগরে মিছিলটি আটকে দেয়। সেখানে এক জমায়েতে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের সমালোচনা করে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মণ, প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীল কমল সাহা।

\*\*\*\*\*

## **Blood donation:**

ডিওআইএফআই যোগেন্দ্রনগর অঞ্চল কমিটির উদ্যোগে আজ বিদ্যাসাগর পার্টি অফিসে এক রক্তদান শিবিরে আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন প্রান্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, বিধায়ক রামু দাস প্রমুখ। শিবিরে ৩২ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

## **Accident death :**

আজ সকালে আগরতলা মোহনপুর সড়কের লেন্সুচড়া মৎস কলেজের সামনে যান দুর্ঘটনায় এক যুবকের মৃত্যু হয়েছে। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, নিহত যুবকের নাম নান্টু দাস। তিনি পূর্ব দপ্তরে গ্রুপ- ডি হিসেবে কর্মরত ছিলেন। বাইকে লেফুঙ্গা থানার অন্তর্গত শন্তিপাড়া বাড়ি থেকে আগরতলায় অফিসে যাওয়ার পথে একটি চার চাকার গাড়ির মুখোমুখি সংঘর্ষে তিনি মারা যান।

\*\*\*\*\*

## **Blood Donation Camp:**

গনেশ পূজা উপলক্ষে জোলাইবাড়ির যুব সংঘের উদ্যোগে আজ এক স্বেচ্ছায় রক্ষণান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ২০ জন স্বেচ্ছায় রক্ষণান করেন।

\*\*\*\*\*

### **Puja Meeting-Sonamura:**

সোনামুড়া মহকুমায় আসন্ন শারদোৎসব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করা জন্য আজ টাউন হলে পুজো উদ্যোগাদের নিয়ে এক প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত্য করেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ। তিনি পরিবেশবান্ধব পুজো আয়োজনের জন্য উদ্যোগাদের প্রতি আবেদন জানান। উপস্থিত ছিলেন সোনামুড়ার মহকুমা শাসক রাজু দেব, মহকুমা পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা।

\*\*\*\*\*

### **Barshamangal Utsab:**

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক বর্ষা মঙ্গল উৎসব আগামী ৮ সেপ্টেম্বর জিরানীয়া মহকুমার মোহনপুর গুরুকুল কমিউনিটি হলে অনুষ্ঠিত হবে। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল এখবর জানিয়েছেন। তিনি জানান, জেলাভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠানগুলোকে জেলার বিভিন্ন প্রান্তে ছড়িয়ে দেওয়ার লক্ষ্যেই এবছর আগরতলার বাইরে এই উৎসবের আয়োজন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

### **CM Sports day:**

জাতীয় ক্রীড়া দিবসের অনুষ্ঠানের আজ দ্বিতীয় দিনে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর উদ্যোগে বাধারঘাটের দশরথ দেব স্টেট স্পোর্টস কমপ্লেক্সে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী ডা. মানিক সাহা। তিনি রাজ্যের সফল

খেলোয়াড়দের সংবর্ধনা জ্ঞাপন করেন। বিভিন্ন ইভেন্টের প্রতিযোগিতার মধ্যে ছিল এথলেটিক্স, সাঁতার, জুড়ো, টেনিস, জিমন্যাস্টিক্স, ফুটবল, কাবাড়ি, ভলিবল ও ব্যাডমিন্টন ইত্যাদি। দেবাভক্তি জমাতিয়া সিল্লেটিক অ্যাথলেটিক্স মাঠে ত্রীড়া অনুষ্ঠানের সূচনা করেন মুখ্যমন্ত্রী। এই অনুষ্ঠানে তিনি ২০২৪-২৫ সালে জাতীয় স্তরের রাজ্যের সফল খেলোয়াড়দের সংবর্ধনা দেন। তিনি হকির যাদুকর ধ্যানচাঁদকে জন্মদিনে শুন্দা নিবেদন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্য সরকার রাজ্যের খেলোয়াড়দের জন্য অনেক প্রকল্প চালু করেছে। ত্রীড়া ক্ষেত্রে রাজ্যের সাফল্যের পরিসংখ্যান তিনি বিস্তারিত উল্লেখ করেন।

##### CM Byte #####

ত্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন রাজ্যের উদীয়মান খেলোয়াড়েরা ভাল খেলছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার, বিধায়ক মীনা রানি সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল প্রমুখ।

\*\*\*\*\*

### **Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৮.৬ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*

